তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক আমাদের সময়

নবীনবরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# ক্লাসরুমেই ভালো শিক্ষক হতে হবে কোচিংসেন্টারে নয়

নিজস্ব প্রতিবেদক ●
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ভালো শিক্ষকদের ক্লাসরুমেই ভালো হতে হবে, কোচিংসেন্টারে নয়। রাজধানীর সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের একাদশ শ্রেণির নবীনবরণ অনুষ্ঠানে গতকাল রোববার এ কথা বলেন শিক্ষামন্ত্রী।

তিনি বলেন, শিক্ষক নামধারী কতিপয় অসাধু ব্যক্তি পরিচালিত কোচিংবাণিজ্যের বিরুদ্ধে অভিভাবকগণ ঐক্যবদ্ধ হলে ক্লাসরুম শিক্ষা কার্যক্রমে এসব শিক্ষকের জবাবদিহিতা এরপর পৃষ্ঠা ১১ কলাম ৭

## ক্লাসরুমেই ভালো

(৩ এর পৃষ্ঠার পর) নিশ্চিত করা যাবে। এর মাধ্যমে কোমলমতি শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘব করা সম্ভব হবে।

নতুন বেতন স্কেলে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে সরকারি-বেসরকারি শিক্ষকদের বেতনভাতাও দ্বিগুণের বেশি বৃদ্ধি করা হয়েছে। সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধা ও প্রশিক্ষণ গ্রহণ করেও শিক্ষকরা ক্লাসরুমে না পড়িয়ে শিক্ষার্থীদের কোচিংসেন্টারে ট্র্যাপ করবেন– এটা মেনে নেওয়া যায় না বলে হুশিয়ারি উচ্চারণ করেন মন্ত্রী। তিনি বলেন, অভিভাবকদের সহযোগিতা পেলে এ ধরনের শিক্ষক নামধারীদের কোচিং ব্যবসা সম্পূর্ণ নির্মূল করা সম্ভব। হাতেগোনা কিছু শিক্ষকের ব্যবসায়ী মনোবৃত্তির জন্য বিপুল সংখ্যক নিবেদিতপ্রাণ শিক্ষকের অবদান ম্লান হচ্ছে।